# ঢাবিতে জুলাই গ্রাফিতি সংরক্ষণে পুনর্লিখন

নিজস্ব প্রতিবেদক

০২ আগস্ট ২০২৬, ১২:০০ এএম



ঢাবির বিভিন্ন দেয়ালে আঁকা জুলাই গ্রাফিতি সংরক্ষণের লক্ষ্যে পুনরায় রঙকরণ ও পুনর্লিখন কার্যক্রম শুরু হয়েছে গতকাল। এই কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন উপাচার্য ড. এবিএম ওবায়দুল ইসলাম - ফোকাস বাংলা

---

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বিভিন্ন দেয়ালে আঁকা 'জুলাই গ্রাফিতি' দীর্ঘস্থায়ীভাবে সংরক্ষণের লক্ষ্যে পুনরায় রঙকরণ ও পুনর্লিখন কার্যক্রম শুরু হয়েছে। গতকাল শনিবার বেলা সাড়ে ১১টায় উপাচার্যের বাসভবনের প্রধান ফটকে এই কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। প্রধান অতিথি হিসেবে এর উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম।

এ সময় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) ড. আবদুস সালাম, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন), অধ্যাপক ড. মোহাম্মদ আলমোজাদ্দেদী আলফেছানী, কোষাধ্যক্ষ অধ্যাপক এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রক্টর অধ্যাপক ইসরাফিল রতনসহ প্রশাসনিক কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

ঐতিহাসিক জুলাই গণ-অভ্যুত্থানের দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) প্রশাসন ও বিভিন্ন হল নানা কর্মসূচি পালন করছে। এর মধ্যে রয়েছে জুলাই গ্রাফিতি পুনর্লিখন ও সংরক্ষণ, জুলাই স্মৃতিস্তম্ভের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং কেন্দ্রীয় লাইব্রেরিতে 'জুলাই স্মৃতি কর্নার' চালু, বিভিন্ন অনুষদ ও আবাসিক হলগুলোতে সেমিনার, স্মৃতিচারণ, প্রামাণ্যচিত্র ও আলোকচিত্র প্রদর্শনী, রচনা ও কুইজ প্রতিযোগিতা, মোমবাতি প্রজ্বলন, দোয়া মাহফিল, প্রার্থনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান।

উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক এবিএম ওবায়দুল ইসলাম বলেন, জুলাইয়ের গ্রাফিতিগুলো ফ্যাসিস্ট সরকারের দুঃশাসনের স্মৃতিচিহ্ন বহন করছে। জনমনে সেই সরকারের নির্যাতন-নিপীড়নের স্মৃতি জাগিয়ে রাখতেই এগুলো সংরক্ষণের উদ্যোগ নেওয়া হয়েছে। উপাচার্য আরও বলেন, জুলাই-আগস্টে দেশপ্রেমিক ছাত্র-ছাত্রীরা দেয়ালে

দেয়ালে গ্রাফিতির মাধ্যমে শেখ হাসিনার জুলুম, নির্যাতন ও আক্রোশের চিত্র তুলে ধরেছিলেন। এসব গ্রাফিতি এখন দেশের জীবন্ত ইতিহাসে পরিণত হয়েছে।

উপাচার্য আরও বলেন, আমরা হয়তো থাকব না, কিন্তু বাংলাদেশ থাকবে। এই গ্রাফিতিগুলোই আগামী প্রজন্মকে সেই রক্তমাখা দিনগুলোর কথা স্মরণ করিয়ে দেবে এবং ফ্যাসিবাদবিরোধী চেতনা ধারণ করতে উদ্বুদ্ধ করবে। ভবিষ্যতে দেশে যেন আর ফ্যাসিবাদের উত্থান না ঘটে, সে বিষয়ে সবাইকে সতর্ক থাকার আহ্বানও জানান তিনি।

এদিকে, জুলাই গণ-অভ্যুত্থানের দ্বিতীয় বার্ষিকী উপলক্ষে শনিবার সন্ধ্যা সাড়ে ৭টায় অমর একুশে হল অডিটোরিয়ামে আলোচনা সভার আয়োজন করা হয়।